

## তুচ্ছ ঘটনায় রোকেয়া বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দু'গ্রপে সংঘর্ষ : আহত ১০

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দুই গ্রুপের অনুসারী নেতাকর্মীদের মধ্যে দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়েছে। গত সোমবার দুপুর থেকে মধ্যরাত অবধি এই ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, গত রোববার বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান শিশির গ্রুপের অনুসারী ও সাধারণ সম্পাদক মোস্তফা মাহমুদ গ্রুপের অনুসারী ছাত্রলীগ কর্মীদের মধ্যে সিনিয়রিটি-জুনিয়রিটি দ্বন্দ্ব নিয়ে এই ঘটনার সূত্রপাত ঘটে। সেই ঘটনাকে কেন্দ্র করে সোমবার দুপুর থেকে মধ্যরাত অবধি দুই গ্রুপের মধ্যে দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দুই গ্রুপের প্রায় ১০ জন আহত হয়। এদের মধ্যে মাহাবুব, সালমান, রাবিব, সুব্রত ও প্রীতম নামের ৫ জন কর্মী গুরুতর আহত হওয়ায় তাদের রংপুর মেডিকেল

কলেজ হাসপাতালসহ বিভিন্ন ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। সূত্রে আরও জানা যায়, তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত হলেও সোমবার অনেকটা আধিপত্য বিস্তার কেন্দ্রিক সংঘর্ষের ঘটনা ঘটে। দফায় দফায় মধ্যরাত অবধি এ ঘটনায় ক্যাম্পাসে থামথামে পরিস্থিতির সৃষ্টি হয়। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েনের পাশাপাশি রাত ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রিন্সিপাল শাহীনুর রহমান এসে নেতাকর্মীদের সঙ্গে কথা বললে পরিস্থিতি শান্ত হয়। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান শিশির ও সাধারণ সম্পাদক মোস্তফা মাহমুদ হাসান জানান, বিষয়টি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ঘটেছে। এটি ছাত্রলীগের সমর্থকদের মধ্যে ঘটলেও রাজনৈতিক নয়। সাধারণ সম্পাদক মোস্তফা মাহমুদ হাসান আরও জানান, বাইরের একটি পক্ষ উচ্চানি দিয়ে বিষয়টি বৃহৎ করার চেষ্টা করছে। বিশ্ববিদ্যালয়ের প্রিন্সিপাল শাহীনুর রহমান বলেন, বর্তমানে ক্যাম্পাসের পরিস্থিতি শান্ত রয়েছে। যেকোন সময় অপ্রীতিকর ঘটনা এড়াতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।